



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা।
www.brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৫১২.১৮.০৭৪.১২ - ৬৩৯২


তারিখ: ১৭/০৯/২০১৮ খ্রি:

বিষয়ঃ সদাবিক এর মাঠসহকারী নিয়োগ।

সূত্রঃ বিআরডিবি সদর দপ্তর এর পত্র নং-১। ৪৭.৬২.০০০০.৫১২.০৬.০২৩.০৮.৬১৪৭, তারিখ- ০৯/০৫/২০১৬ খ্রি:
২। বাপউবো/সদাবিক/সাধা-১৪/নিয়োগ/০৭/৫৪, তারিখ- ১৫/০৭/২০১০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সদাবিক এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য মাঠসহকারীর শূন্য পদে জনবল নিয়োগের জন্য সূত্রোল্লিখিত স্মারকের পত্র মূলে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু মাঠসহকারীর শূন্যপদে অদ্যাবধি জনবল নিয়োগ না দেয়ায় সদাবিক এর সাংগঠনিক এবং ঋণ বিতরণ ও আদায়সহ সার্বিক কার্যক্রম মারাত্মকভাবে ব্যাহত হচ্ছে যা কোনক্রমেই কাম্য নয়। মাঠসহকারী নিয়োগের ক্ষেত্রে উপজেলা দপ্তরের বিতরণযোগ্য ঋণ তহবিলের সংস্থান সাপেক্ষে দাপ্তরিক প্রয়োজনীয়তা বিবেচনায় সেবামূল্যের নির্ধারিত অংশ দ্বারা মাঠসহকারীর বেতনভাতা পরিশোধের আর্থিক সক্ষমতার বিষয়টি বিবেচনায় রাখতে হবে। দীর্ঘ দিন যাবৎ অননুমোদিতভাবে অনুপস্থিত মাঠসহকারীদের বিরুদ্ধে যথাযথ নিয়মে চাকুরী বিধি মোতাবেক দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

এমতাবস্থায়, সদাবিক এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে সূত্রোল্লিখিত স্মারক পত্রের নির্দেশনা অনুসারে মাঠ সহকারীর শূন্য পদে আগামী ৩০/১০/২০১৮ খ্রিঃ মধ্যে জনবল নিয়োগ দানের কার্যকরী ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


মোঃ মাসুদুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক,
বিআরডিবি,
..... জেলা দপ্তর (সকল)।

জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি:

- (১) উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- (২) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৩) অফিস কপি।



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

“পল্লী ভবন”

৫, কাওরান বাজার, ঢাকা।

www.brdb.gov.bd

পরিচালনা - ৯১৪০৩৯৯-৩

ফোন - ৯১১৫৩৭৬

স্মারক নং- বাপডবো/সদাবক/সাধা-১৪/নিয়োগ/০৭/১৪

তারিখঃ ১৫/০৭/২০১০খ্রঃ।

উপপরিচালক:

বিআরডিআব

বিষয় : সম্মানিত দায়িত্ব বামোচন কমসূচা (সদাবক) এর মাঠ সহকারী পদে নিয়োগের জন্য নিয়োগ ও বাছাই কামাট পুনর্গঠন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-পউসবি/উন্নয়ন বিবিধ-২০/২০০৬/১৩৮, তারিখ : ২৯/০৬/২০০৯ খ্রি:।

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের স্মারক নং- পউসবি/উন্নয়ন বিবিধ-২০/২০০৬/১৩৮, তারিখ : ২৯/০৬/২০০৯ খ্রি: মোতাবেক উন্নয়ন প্রকল্পের ১১-২০ খেত পর্যন্ত কর্মচারীদের নিয়োগ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে সম্পন্ন করার নির্দেশনা অনুসারে সদাবকের মাঠসহকারী নিয়োগ কমিটি নিম্নরূপ ভাবে পুনর্গঠন করা হলো :-

১।	উপজেলা নির্বাহী আফিসার	সভাপতি
২।	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য
৩।	উপজেলা সমবায় অফিসার	সদস্য
৪।	চেয়ারম্যান ইউসিসিএ লি:	সদস্য
৫।	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার	সদস্য-সচিব

২। এ কামাট সর্বোচ্চ এইচএসএস যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করে অনুমোদিত/শূন্য পদের বিপরীতে সর্বোচ্চ ১:৫ ভিত্তিতে নিয়োগ প্যানেল প্রস্তুত করে সংশ্লিষ্ট জেলার উপপরিচালক এর কার্যালয়ে প্রেরণ করবেন,

৩। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার এর চাহিদা মোতাবেক উপপরিচালক নিয়োগ প্যানেল হতে মাঠ সহকারী নিয়োগ করবেন,


৪। নিয়োগ প্যানেল প্রস্তুতকালে কামাট সরকারের প্রচলিত বিধিমালা ও আদেশসমূহ যথাযথ ভাবে অনুসরণ করবেন,

৫। নিয়োগ বিজ্ঞপ্তি স্থানীয়ভাবে বহুল প্রচারের ব্যবস্থা করতে হবে,

৬। আবেদনকারীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে,

৭। পদের নিয়োগ বদলাযোগ্য।

অর্ধলিখে ইহা কার্যকর হবে এবং ইতোপূর্বে এ বিষয়ে জারীকৃত সকল আদেশ এতদ্বারা বাতিল করা হলো।


মাঃ হুমায়ুন খালিদ
মহাপরিচালক


dqbrdb@gmail.com

স্মারক নং- বাপডবো/সদাবক/সাধা-১৪/নিয়োগ/০৭/১৪

তারিখঃ ১৫/০৭/২০১০খ্রঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রদান করা হলো :-

- (১) জেলা প্রশাসক (সকল)
- (২) উপজেলা নির্বাহী আফিসার (সকল)
- (৩) মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিআব, ঢাকা।
- (৪) আফিস কপি।


মুহঃ আবুল ফজল
পরিচালক (সরেজমিন)
ফোন : ৮১১৪৬৫৯